

শ্রীলঙ্কার সব বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ

■ বিবিসি

বরাদ্দ কৃষি ও সরকারে হত্যাফল
বন্ধের দাবিতে প্রায় দু'মাস ধরে
শিক্ষক ধর্মঘটের পরিপ্রেক্ষিতে শ্রীলঙ্কা
সরকার দেশটির প্রায় সব
বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য
বন্ধ করে দিয়েছে। শ্রীলঙ্কা সরকারের
অভিযোগ, বিশ্ববিদ্যালয় শিক্ষকরা
তাদের ছাত্র-ছাত্রীদের এক অস্ত্রকার
উদ্ভিষাতের দিকে ঠেলে দিয়েছেন।
তামিল বিদ্রোহ, উনিশ শ' সত্তর ও
আশির দশকে সিংহলী শিক্ষার্থীদের
রক্তাক্ত আন্দোলনসহ বহু বিক্ষোভ ও
সহিংস আন্দোলনের সূচনা হয়েছিল
এই বিশ্ববিদ্যালয়গুলো থেকেই।

বিবিসির এক প্রতিবেদনে বলা
হয়, শ্রীলঙ্কা সরকার উচ্চশিক্ষার
একটি অংশ থেকে বরাদ্দ প্রত্যাহার
করে বেসরকারি খাতে ছেড়ে দেয়ার
পরিকল্পনা করায় গভ জুর্দাইয়ের
ওরফে আন্দোলনে নামেন শিক্ষকরা।
তাদের দাবি, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে
এভাবে সরকারের রাজনৈতিক
হত্যাফল বন্ধ করতে হবে এবং
তাদের বেতন-ভাতা বাড়াতে হবে।
এই আন্দোলনের কারণে প্রায়
দু'মাসের অচলাবস্থার পর সরকার
মঙ্গলবার রাত্টিয়ত ১৫টি
বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৩টিই
অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়।
শ্রীলঙ্কার শিক্ষামন্ত্রী এসবি
দেশানায়েকে সাংবাদিকদের
বলেন, "আমাদের বিশ্বাস, তারা
(শিক্ষকরা) আসলে রাজনৈতিক মতট
সৃষ্টি করে সরকারের পতন ঘটাতে
চাইছে।"

সরকার ইতোমধ্যে শিক্ষকদের
ছয় দফা দাবির মধ্যে পাঁচটি পূরণের
ঘোষণা দিলেও আন্দোলনকারী
শিক্ষকদের মুখপাত্রো যাহিম মেডিস
বিবিসিকে বলেন, সরকারের এ বক্তব্য
সত্য নয়। তিনি অভিযোগ করেন,
বিশ্ববিদ্যালয়গুলোর শীর্ষ পদগুলোতে
মন্ত্রীদের অনুগত লোকদের বসিয়ে
রাখা হয়েছে, যা বন্ধ হওয়া
প্রয়োজন।